ঝিনাইদহে পরিবেশ অধিদপ্তরের অভিযান, মোবাইল কোর্টে ৫ লক্ষ টাকা জরিমানা ও ৯ লক্ষ কাচাঁইট ধ্বংস

ঝিনাইদহ প্রতিনিধি- ঝিনাইদহের হরিনাকুন্ডু উপজেলায় পরিবেশ দূষণকারী/আইন লংঘনকারী তিনটি ইট ভাটায় ৫ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে। বুধবার দিনব্যাপী এ অভিযান পরিচালনা করেন, ঝিনাইদহ পরিবেশ অধিদপ্তর ও হরিনাকুন্ডু উপজেলা প্রশাসন।

ঝিনাইদহ পরিবেশ অধিদপ্তরের সহকারি পরিচালক মুন্তাছির রহমান জানান, পরিবেশ অধিদপ্তরের খুলনা বিভাগীয় কার্যালয় মহোদয়ের সার্বিক নির্দেশনায় ঝিনাইদহের হরিনাকুন্ডু উপজেলা প্রশাসনকে সাথে নিয়ে উপজেলার বোয়ালিয়া এলাকার মেসার্স নিউ বিআরবি ব্রিকস, মালিপাড়া এলাকার মেসার্স ভাই ভাই ব্রিকস ও দোবিলা এলাকার মেসার্স আরাফ ব্রিকস নামক তিনটি ইটভাটায় ইট প্রস্তুত ও ডাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন ২০১৩ অনুযায়ী ইটভাটায় নিষিদ্ধ জ্বালানি কাঠ ব্যবহারের অপরাধে ২০১৩ এর ধারা ৬ লংঘনের দায়ে এ ইটভাটাসমূহে মোবাইলকোর্ট পরিচালনা করা হয়।

এসময় মেসার্স নিউ বিআরবি ব্রিকসকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয় এবং কাঠ চেরাই মিল ভেঙ্গে গুড়িয়ে দেওয়া হয় ও ভেকু মেসিন দিয়ে

সম্পূর্ণ কিলন গুড়িয়ে দেওয়া হয়। সেইসাথে ট্রাক্টর দিয়ে আনুমানিক ৩ লক্ষ কাচাঁইট ধ্বংস করা হয়। এছাড়াও মেসার্স ভাই ভাই ব্রিকসকে ৩ লক্ষ টাকা জরিমানা করা হয় এবং ভেকু মেসিন দিয়ে সম্পূর্ণ কিলন গুড়িয়ে দেওয়া হয় এবং ট্রাক্টর দিয়ে আনুমানিক ৩ লক্ষ কাচাঁইট ধ্বংস করা হয়। একইভাবে মেসার্স আরাফ ব্রিকসকে ১ লক্ষ ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। ভেকু মেসিন দিয়ে সম্পূর্ণ কিলন গুড়িয়ে দেওয়া হয় এবং ট্রাক্টর দিয়ে আনুমানিক ৩ লক্ষ কাচাঁইট ধ্বংস করা হয়।
এসময় মোবাইল কোর্ট পরিচালনা করেন হরিনাকুন্ডু সহকারী কমিশনার (ভুমি) ঈষিতা আক্তার। প্রসিকিউশন প্রদান করেন পরিবেশ অধিদপ্তরের পরিদর্শক আশরাফ আলী। অভিযানে হরিনাকন্ডু থানার পুলিশ সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।